

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৪৮.২০১৭-৭৪৫

তারিখ : ১১ জুন ২০১৭

বিষয়: যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় অবস্থিত গণপূর্ত বিভাগের পুরাতন জরাজীর্ণ ভবন, উপজেলা পরিষদ গোড়াউন এবং উপজেলা পরিষদ বিএডিসি ভবন কনডেম ঘোষণা।

সূত্র: জেলা প্রশাসক কার্যালয়, যশোর এর স্মারক নং-০৫.৪৪.৪১০০.১৩.০১৯.০২৪.১৭-৪৭০; তারিখ: ২৮ মে ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জেলা কনডেমনেশন কমিটির ০১ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের মধ্য হতে বাঘারপাড়া উপজেলা পরিষদের গোড়াউন এবং উপজেলা পরিষদের পুরাতন বিএডিসি ভবন পরিত্যক্ত ঘোষণার প্রস্তাব অনুমোদন করা হলো। একইসাথে বাঘারপাড়া উপজেলা পরিষদের গোড়াউন এবং উপজেলা পরিষদের পুরাতন বিএডিসি ভবন সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিত করে এতদসংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো। বাঘারপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে গণপূর্ত বিভাগের মালিকানাধীন ভবনটি পরিত্যক্ত ঘোষণার প্রস্তাব বিবেচনার পূর্বে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের পক্ষ থেকে ভবনটি পরিত্যক্ত ঘোষণা ও নিলাম বিক্রয়ের অনাপত্তির প্রত্যয়নপত্র এবং সুপারিশসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
যশোর।

J. A. Min
০২/০৬/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।